# TDP (Honours) 6th Semester Exam., 2018

## BENGALI

( Honours )

EIGHTH PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি একক থেকে দুটি করে নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দাও

### প্রথম একক

১। "তব নৃত্যমন্দাকিনী নিত্য ঝরি ঝরি
তুলিতেছে শুচি করি
মৃত্যুস্নানে বিশ্বের জীবন।"

এটি 'বলাকা' কাব্যের কত সংখ্যক কবিতার অন্তর্গত? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করে কবির ভাবকল্পনার পরিচয় দাও। ১+৫+৪=১০

২। ৩৬ সংখ্যক কবিতাটি রচনার প্রেক্ষাপট লেখো। 'বলাকা'র এই কবিতাটি কেবল তত্ত্বকথা নয়, রচনারীতিতেও অনবদ্য, আলোচনা করো। ৪+৬=১০

৩। “ ‘বলাকা’র কবিতাগুলি রবীন্দ্রকাব্যসাধনায় এক নূতন পর্বের সূচনা করিয়াছে।” তোমার পঠিত কবিতাগুলি আলোচনা করে উক্তিটির যথার্থতা বুঝিয়ে দাও। ১০

## দ্বিতীয় একক

৪। ‘পোস্টমাস্টার’ গল্প অবলম্বনে পোস্টমাস্টার চরিত্রটি আলোচনা করো। ১০

৫। ‘একরাত্রি’ গল্পের নামকরণ কতখানি সার্থক, আলোচনা করো। ১০

৬। নারীর আত্মসম্মানবোধ ও আত্মমর্যাদাবোধ জাগরণে রবীন্দ্রনাথ ঠাকুরের ‘অপরিচিতা’ গল্পটি কতদূর সার্থক? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ১০

## তৃতীয় একক

৭। ‘বিসর্জন’ নাটক অবলম্বনে জয়সিংহ চরিত্রটি আলোচনা করো। ১০

৮। “হিংসা নয়, হত্যা নয়, প্রেমময় সম্পর্কের বাঁধনই ‘বিসর্জন’ নাটকের বক্তব্য।” আলোচনা করো। ১০

৯। “রবীন্দ্রনাথ তাঁর স্বপ্নলব্ধ কাহিনীকে ত্রিপুরার রাজকাহিনীর সঙ্গে যুক্ত করে একটি ঐতিহাসিক নাটকরূপে ‘বিসর্জন’ নাটকটিকে নির্মাণ করেছেন।” উক্তিটির যথার্থতা বিচার করো। ১০





## চতুর্থ একক

১০। ‘ঘরে বাইরে’ উপন্যাসে বিমলা চরিত্রটির ভূমিকা ও গুরুত্ব কোথায়, বুঝিয়ে দাও। ১০

১১। “ ‘ঘরে বাইরে’ উপন্যাসে যে দ্বন্দ্ব আলোচিত হয়েছে তা শুধু ব্যক্তিজীবনের দ্বন্দ্ব নয়, সেই দ্বন্দ্ব সমগ্র দেশের অন্তর্জীবন ও বহির্জীবনের দ্বন্দ্ব।” মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

১২। সাহিত্যে নামকরণের প্রয়োজনীয়তা আলোচনা করে ‘ঘরে বাইরে’ উপন্যাসটির নামকরণ কতদূর সার্থক সে বিষয়ে তোমার মতামত দাও। ৪+৬=১০

★★★